

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৮৯(আগরতলা, ২০১৪)

আমবাসা, ২০ এপ্রিল ২০১৭

আমবাসায় গ্রামীণ ক্রীড়া

আমবাসা পুর পরিষদ ভিত্তিক গ্রামীণ ক্রীড়া গতকাল শুরু হয়েছে। চান্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে দুদিন ব্যাপী ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক। প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে ব্যাপক অংশের মানুষ ক্রীড়া প্রতিযোগিতায় সামিল হন। প্রতিযোগিতা শুরুর আগে উদ্বোধক চেয়ারপার্সন চন্দন ভৌমিক, পুর পরিষদের প্রধান অতিথি ভাইস চেয়ারপার্সন কানাই পাল, আমবাসার মহকুমা শাসক শক্তিপদ পাল, অনুষ্ঠানের সভাপতি তথা পুর পরিষদের সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শিপ্রা ভট্টাচার্য প্রমুখ বক্তব্য রাখেন।

আজ চান্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, গোপাল সর্দার পাড়া হাই স্কুল, ডলুবাড়ি গেইট দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে গ্রামীণ ক্রীড়া অনুষ্ঠিত হয়।

This document was created by
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com